রাজশাহী কলেজ, রাজশাহী
ডকেট নং ৬৬২
তারিখ ২০/১১/২০২৬
স্থাপিত. ১৮৭৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd



স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৩.৩৪.০০৫.২০২০.২৩১৫

তারিখঃ ০৮/১১/২০২৬ খ্রি.

বিষয় : বিসিএস (সাধারণ শিক্ষা) ক্যাডার কর্মকর্তাগণের প্রভাষক পদে ০৮ (আট) বছর পূর্তিতে উচ্চতর গ্রেড (৮ম গ্রেড) প্রদান সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের বাস্তবায়ন-১ অনুবিভাগ কর্তৃক এস. আর.ও নং-৩৪৭-আইন/২০২৬। সরকারি চাকরি আইন, ২০১৮ (২০১৮ সনের ১৭ নং আইন) এর ধারা ১৫ এ প্রদত্ত ক্ষমতাবলে জারীকৃত আদেশ "চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ ২০২৬" এর অনুচ্ছেদ ৬(১) অনুযায়ী কোন স্থায়ী কর্মচারী পদোন্নতি ব্যতিরেকে একই পদে ০৮ (আট) বছর পূর্তিতে এবং চাকরি সন্তোষজনক হওয়া সাপেক্ষে, স্বয়ংক্রিয়ভাবে ৯ম বৎসরে তাঁহার পদের মূল স্কেলের পরবর্তী উচ্চতর গ্রেডে বেতন প্রাপ্য হইবেন।" এর আলোকে যে সকল ৯ম গ্রেডের কর্মকর্তা (প্রভাষক) পদে ০৮ (আট) বৎসর চাকরিকাল পূর্তিতে উচ্চতর (৮ম) গ্রেড প্রাপ্য হবেন, সেই সকল কর্মকর্তাকে নিম্নে উল্লিখিত "ছকে" তথ্যাদি ০২ (দুই) সেট আগামী ১২/১১/২০২৬ তারিখের মধ্যে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের পত্র গ্রহণ শাখায় (১৩০ নম্বর কক্ষ) আবেদন জমাদানের জন্য পত্র দেয়া যেতে পারে।

ক্র. নং	নাম, আইডি, পদবী, বিষয় ও কর্মস্থল	চাকরিতে প্রথম যোগদানের তারিখ	প্রভাষক পদে যোগদানের তারিখ ও আদেশ	চাকরিকাল ০৮ (আট) বছর পূর্তিতে উচ্চতর (৮ম গ্রেড) গ্রেড প্রাপ্যতার তারিখ	মন্তব্য
১	২	৩	৪	৫	৬

প্রয়োজনীয় তথ্যাদিঃ
(ক) সংশ্লিষ্ট কর্মকর্তার আবেদন
(খ) অধ্যক্ষ/প্রতিষ্ঠান প্রধানের অগ্রায়ণপত্র
(গ) ক্যাডারে ১ম যোগদানের আর্টিক্যাল ৪৭।
(ঘ) চাকরি স্থায়ীকরণের প্রজ্ঞাপন।
(ঙ) নিয়োগ ও পদায়নের আদেশ।
(চ) নিয়মিতকরণের আদেশ।
(ছ) বিভাগীয় মামলা নেই, এই মর্মে অফিস প্রধানের প্রত্যয়নপত্র।

০৮.১১.২০২৬
মোঃ রফিক আহমেদ
সহকারী পরিচালক (ক-৪)

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরিত হলো :

০১। মহাপরিচালক, জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম), ঢাকা।
০২। পরিচালক (কলেজ ও প্রশাসন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
০৩। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল)।
০৪। প্রকল্প পরিচালক (সকল),.....
০৫। অধ্যক্ষ/প্রতিষ্ঠান প্রধান .....
(তাঁর দপ্তরে কর্মরত বিসিএস (সাধারণ শিক্ষা) কর্মকর্তাগণকে বিষয়টি অবহিতকরণের অনুরোধসহ)
০৬। সহকারী পরিচালক (১/২/৪), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
০৭। [illegible] অধিদপ্তর, ঢাকা।